


বার্ষিক প্রতিবেদন

২০২২-২০২৩



ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
ভূমি মন্ত্রণালয়



বার্ষিক প্রতিবেদন

২০২২-২০২৩



ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
ভূমি মন্ত্রণালয়

প্রকাশকাল

সেপ্টেম্বর, ২০২৩

প্রকাশনায়

বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সার্বিক তত্ত্বাবধান

মোঃ আরিফ

পরিচালক (যুগ্মসচিব), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সমন্বয়

সুলতানা রাজিয়া

উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সহযোগিতায়

মোছাঃ সেলিনা বানু

সহকারী পরিচালক (প্রশাসন), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

খান এ. সবুর খান

সহকারী পরিচালক (উন্নয়ন ও সেবা), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

মোঃ মিজানুর রহমান

সহকারী পরিচালক (প্রশিক্ষণ), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

উম্মে হাফসা

সহকারী পরিচালক (ডরমিটরী), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

মোঃ শামীম হোসেন

সহকারী প্রোগ্রামার, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

কম্পিউটার কম্পোজ

মোঃ মইনুর রহমান

প্রধান সহকারী, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

প্রচ্ছদ

মোঃ আরিফ হোসেন

ছাপাঘর, ৩০০ এলিফ্যান্ট রোড, ঢাকা-১২০৫

মুদ্রণে

ছাপাঘর

৩০০ এলিফ্যান্ট রোড (৬ষ্ঠ তলা), ঢাকা-১২০৫ ।

মোবাইলঃ ০১৭০৭০৭৯৮৩৬



সাইফুজ্জামান চৌধুরী এমপি

মন্ত্রী

ভূমি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বাণী

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রম ও অর্জনসমূহের ওপর ভিত্তি করে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার অব্যবহিত পর যুদ্ধ বিধ্বস্ত বাংলাদেশের পুনর্গঠনের অংশ হিসেবে জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা গড়ে তোলার উপর গুরুত্বারোপ করেন। এর ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা আজ বাস্তবে রূপ নিয়েছে।

এ প্রযুক্তি কেন্দ্রিক ব্যবস্থার মাধ্যমে স্বচ্ছ, দক্ষ, জনবান্ধব ও জবাবদিহিমূলক ভূমি ব্যবস্থাপনা প্রতিষ্ঠায় প্রশিক্ষিত জনবলের বিকল্প নেই। এজন্য ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা পরিচালনায় দক্ষ জনবল তৈরি করতে 'ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র'কে ভূমি প্রশিক্ষণের 'Centre of excellence' হিসেবে গড়ে তোলা হবে।

কেন্দ্রটির প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধির জন্য অবকাঠামো বৃদ্ধির সাথে সাথে মাঠ পর্যায়ে শতভাগ প্রশিক্ষণ নিশ্চিতকরণের নিমিত্ত প্রশিক্ষক তৈরির উদ্যোগ গণ্যহণ করা হয়েছে। আমি জেনে আনন্দিত যে নানা বাধা পেরিয়ে সীমিত জনবল দিয়ে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ২০২২-২০২৩ অর্থ বছরে ৯৩টি কোর্স পরিচালনা করে ৩৪৮৯ জন গণকর্মচারীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিয়েছে।

আমি আনন্দের সাথে উল্লেখ করতে চাই, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণের দূরদর্শী উদ্যোগের ফসল হিসাবে 'ই-মিউটেশন' উদ্যোগ বাস্তবায়নের স্বীকৃতিস্বরূপ 'স্বচ্ছ ও জবাবদিহিমূলক সরকারি প্রতিষ্ঠানের বিকাশ' শ্রেণিতে বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয় সম্প্রতি জাতিসংঘের মর্যাদাপূর্ণ 'ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০' অর্জন করেছে। এ সফলতা ধরে রাখতে প্রয়োজনীয় দক্ষ জনবল তৈরিতে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস।

নিয়মিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ যেকোনো প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিতে ভূমিকা রাখে। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের এ উদ্যোগকে আমি সাধুবাদ জানাই ও প্রতিষ্ঠানের সার্বিক সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ চিরজীবী হোক।


সাইফুজ্জামান চৌধুরী



মোঃ খলিলুর রহমান

সচিব

ভূমি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ভূমির সুষ্ঠু ব্যবস্থাপনা ও জনবান্ধব সেবা নিশ্চিত করণের লক্ষ্যে ভূমি ব্যবস্থাপনায় নিয়োজিত জনবলকে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ প্রদান করছে। ভূমি সেবা ডিজিটাইজেশন ও অটোমেশনসহ ভূমির সকল আইন ও বিধি সম্পর্কে ভূমি ব্যবস্থাপনায় জড়িত কর্মকর্তা ও কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধিতে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র দায়িত্ব পালন করছে।

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ২০২২-২০২৩ অর্থ-বছরে কর্মকর্তাদের জন্য ২১টি এবং কর্মচারীদের জন্য ৭২টি কোর্স পরিচালনার মাধ্যমে যথাক্রমে ৭০৪ জন কর্মকর্তা এবং ২৭৮৫ জন কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করে তাদের কার্যক্রম অব্যাহত রেখেছে। এছাড়া, প্রশিক্ষণ কোর্সের মডিউল উন্নয়ন, কর্মভিত্তিক প্রশিক্ষণ, প্রশিক্ষণার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন ও বেসিক কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম চালু করেছে। ভূমি ব্যবস্থাপনায় সম্প্রতি যুগান্তকারী চালুকৃত অনলাইন সেবা ই-মিউটেশন, অনলাইন ভূমি উন্নয়ন কর প্রদান ও ভূমি ডাটা ব্যাংক সম্পর্কে বিভিন্ন অধিবেশনের মাধ্যমে মাঠপর্যায়ে কর্মরত জনবলকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ২০২৬ সালের মধ্যে স্মার্ট ভূমি ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে শতভাগ কর্মচারীকে অনলাইন ভূমি সেবা সম্পর্কে দক্ষ করে তোলার জন্য প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে মাঠ পর্যায়ের জন্য প্রশিক্ষক তৈরি করা হচ্ছে।

প্রতিষ্ঠানটির বার্ষিক প্রতিবেদনে ২০২২-২০২৩ অর্থ-বছরের সার্বিক কর্মকান্ড উপস্থাপনের চেষ্টা করা হয়েছে, যা স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে সহায়ক হবে মর্মে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের সার্বিক কর্মকান্ড সম্বলিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ মূলতঃ তথ্য অধিকার আইনের অধীনে একটি আইনি বাধ্যবাধকতাও বটে। প্রতিবেদন প্রকাশের এ উদ্যোগকে স্বাগত জানাই এবং প্রতিবেদন প্রকাশের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

মোঃ খলিলুর রহমান



মোঃ আরিফ

পরিচালক (যুগাসচিব)

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।

মুখবন্ধ

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ভূমি ব্যবস্থাপনার সাথে জড়িত মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের ভূমি সংক্রান্ত সর্বশেষ আইন, বিধি, পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করে থাকে যাতে তারা সেবামুখী মনোভাব নিয়ে জনগণের প্রত্যাশা পূরণে দক্ষতার সাথে কাজ করতে পারে। এ কেন্দ্র কর্তৃক প্রতি বছর ভূমি ব্যবস্থাপনার সাথে জড়িত প্রায় ২০০০- ২৫০০ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। প্রতিষ্ঠালগ্ন থেকে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র মোট ৫৪১৬৫ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করেছে।

প্রতি বছর বিভাগীয় ও কেন্দ্রীয় পর্যায়ে কর্মশালা আয়োজন করে প্রশিক্ষণ কারিকুলাম সময়োপযোগী করা হয়। ভূমি ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনয়ন ও দ্রুততম সময়ের মধ্যে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার জন্য ভূমি ব্যবস্থাপনায় প্রযুক্তির ব্যবহার তথা ডিজিটাইজেশন অত্যন্ত প্রাসঙ্গিক হয়ে পড়ছে। এ বিষয়টি বিবেচনায় নিয়ে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কোর্স কারিকুলামে “বেসিক কম্পিউটার অ্যাপ্লিকেশন কোর্স” সংযোজন করেছে। বর্তমানে এ কেন্দ্রের তত্ত্বাবধানে কেন্দ্রের পাশাপাশি বিভাগীয় ও জেলা পর্যায়েও যথাক্রমে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে। জেলা পর্যায়ে অনলাইন ভূমি সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে দক্ষ কর্মচারী তৈরির নিমিত্ত ২০২২-২০২৩ অর্থবছর হতে প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স(টিওটি) বাস্তবায়ন করা হচ্ছে। ২০২২-২০২৩ অর্থ বছরে কেন্দ্রে ৩৪টি, বিভাগ পর্যায়ে ২৮টি ও জেলা পর্যায়ে ৩১টি সহ মোট ৯৩টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে ৩৪৮৯জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১২তলা বিশিষ্ট ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে ৩টি প্রশিক্ষণ কক্ষ রয়েছে যেখানে একই সঙ্গে ৩টি কোর্সে মোট ১০০জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব। ভবনে মোট ৮৬জন প্রশিক্ষণার্থীর অশীততাপ নিয়ন্ত্রিত উন্নত ইন্টেরিয়র সমৃদ্ধ আবাসনের ব্যবস্থা রয়েছে। পুরুষ ও মহিলাদের জন্য আলাদা আলাদা ব্যায়ামাগার, ইনডোর গেমস, নামাজ কক্ষ, টেলিভিশন কক্ষ ও পত্রিকা কর্গার রয়েছে। ৭ম তলায় ১টি লাইব্রেরী রয়েছে এবং লাইব্রেরীতে প্রায় ৬০০০ পুস্তক রয়েছে। কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের জন্য ৬ষ্ঠ তলায় ২টি কম্পিউটার ল্যাবে মোট ৬০টি কম্পিউটার রয়েছে। এ কেন্দ্রের ৮ম তলায় ১টি কর্মশালা/সেমিনার কক্ষ এবং ২য় তলায় ১টি সন্মেলন কক্ষ রয়েছে।

এ বার্ষিক প্রতিবেদনটি ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণসহ অবকাঠামোগত সুযোগ-সুবিধা এবং ২০২২-২০২৩ অর্থ বছরের সামগ্রিক কার্যক্রম সম্পর্কে ধারণা দিতে সক্ষম হবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

মোঃ আরিফ

সূচিপত্র

০৯	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (এলএটিসি) এর পরিচিতি	০৯
১.১	পটভূমি, রূপকল্প, অভিলক্ষ্য ও উদ্দেশ্য	০৯
১.৫	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কার্যাবলি	০২
১.৬	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের জনবল ও সাংগঠনিক কাঠামো	০৩
১.৭.১	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের অবকাঠামোগত সুযোগ-সুবিধা ও উদ্ভাবনী সেবাসমূহ	০৭
১.৭.২	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক গৃহীত নতুন নতুন কার্যক্রম ও সেবাসমূহ	১৫
১.৮.১	বিভিন্ন প্রশিক্ষণ কোর্স এর তালিকা	২০
১.৮.২	প্রশিক্ষণ পদ্ধতি	২২
১.৮.৩	প্রশিক্ষণ মডিউল	২২
১.৮.৪	প্রশিক্ষণ মূল্যায়ন	৪১
১.৮.৫	কোর্স সমাপনী	৪২
১.৮.৬	অতিথি বক্তা	৪২
১.৮.৭	অভ্যন্তরীণ প্রশিক্ষণ	৪৫
২.১.১	একনজরে ২০২২-২০২৩ অর্থ বছরের ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণের অর্জিত সাফল্য	৪৫
২.১.২	কোর্স অনুসারে অর্জিত সাফল্য	৪৬
২.২	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের সার্বিক প্রশিক্ষণ অগ্রগতি (১৯৮৭ হতে ২০২৩ সাল পর্যন্ত)	৫৭
৩.	বৈদেশিক প্রশিক্ষণ/মতবিনিময় সফর	৫৯
৪.	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২২ -২০২৩ অর্থ বছরের বাজেট বরাদ্দ ও ব্যয় কার্যক্রম	৬২
৫.	তথ্য অধিকার আইন সংক্রান্ত কার্যক্রম	৬৪
৬.	তথ্য প্রকাশ নির্দেশিকা	৬৪

১. ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (এলএটিসি) এর পরিচিতি

১.১ পটভূমি

আধুনিক ভূমি ব্যবস্থাপনা কোন দেশের সুশাসন ও উন্নয়নের একটি অন্যতম উপাদান। আর আধুনিক ব্যবস্থাপনা পরিচালনার জন্য প্রয়োজন দক্ষ জনশক্তি। বাংলাদেশের আধুনিক ভূমি ব্যবস্থাপনায় দক্ষ জনশক্তি তৈরি হতে পারে এখানকার ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বাংলাদেশের আধুনিক ভূমি ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

ভূমি মন্ত্রণালয় কর্তৃক ১৯৮৭ সালে ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত জনবলকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কর্মসূচি” নামে একটি কর্মসূচি গ্রহণ করা হয়। প্রথম দফায় কর্মসূচির মেয়াদ নির্ধারণ করা হয় ১৯৮৭-৮৮ ও ১৯৮৮-৮৯ অর্থবছর। শুরুতে গণভবন, শেরেবাংলা নগর, ঢাকায় এর কার্যক্রম পরিচালিত হতে থাকে। পরবর্তিতে কর্মসূচির মেয়াদ ১৯৮৯-৯০ এবং ১৯৯০-৯১ অর্থবছর পর্যন্ত বৃদ্ধি করা হয় এবং ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক

এলাকা, ঢাকায় এর কার্যক্রম পরিচালিত হতে থাকে। কর্মসূচিটির মেয়াদ পুনরায় ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ অর্থ বছর পর্যন্ত বৃদ্ধি করা হয়। ইতোমধ্যে ভূমি ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রশিক্ষণের গুরুত্ব অনুধাবন করে সরকার “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কর্মসূচি” কে স্থায়ীরূপ দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করে। এ লক্ষ্যে “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কর্মসূচি”-কে ০১-০৬-১৯৯৩ তারিখ হতে রাজস্ব বাজেটে স্থানান্তর করে “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র” নামে নামকরণ করা হয় এবং এর কার্যক্রম ভূমি মন্ত্রণালয়ের নিজস্ব ভবন ৩/এ নীলক্ষেত, কাটাবন, ঢাকা-১২০৫ এ স্থানান্তরিত হয়। ২০১৩ সাল হতে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, এর নিজস্ব ভবন(১২তলা ভিত্তিসহ ৫তলা বিশিষ্ট) ২৭৭/৫/এ, শহিদ জননী জাহানারা ইমাম সরণি, নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা-১২০৫ এ বৃহত্তর পরিসরে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। ২০১৯ সালে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ভবনটি ১২তলায় উন্নীত হয়েছে এবং ২০১৯-২০২০ অর্থবছর হতে এ প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রম বৃদ্ধি পেয়ে প্রায় দ্বিগুণ হয়েছে।

১.২ রূপকল্প (Vision)

বাংলাদেশের টেকসই উন্নয়ন ও সুশাসন নিশ্চিতকরণের জন্য ভূমি ব্যবস্থাপনার উৎকর্ষ সাধন।



ভূমি ব্যবস্থাপনায় সম্পৃক্ত মানব-সম্পদের যোগ্যতা ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে গতিশীল ভূমি ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।

১.৩ অভিলক্ষ্য (Mission)



১.৪ উদ্দেশ্য

১.৪.১ কৌশলগত উদ্দেশ্য

- ১। ভূমি ব্যবস্থাপনায় জড়িত কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণ প্রদান।
- ২। কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ।
- ৩। সম্পদ ও আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ

১.১ শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন

১.২ ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন

১.৩ তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন

১.৪ অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন

১.৫ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন

- ❖ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের মূল কাজ হলো ভূমি ব্যবস্থাপনা ও ভূমি জরিপের সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের ভূমি বিষয়ক প্রশিক্ষণ প্রদান;
- ❖ ভূমি ব্যবস্থাপনার মাঠ পর্যায়ের সর্বনিম্ন স্তর ইউনিয়ন ভূমি অফিসে কর্মরত ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, উপ-সহকারী কর্মকর্তা, উপজেলা ভূমি অফিস ও জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত নামজারী সহকারী, সার্টিফিকেট সহকারী, অফিস সহকারী, সার্ভেয়ার, কানুনগোসহ সমপর্যায়ের কর্মকর্তা/কর্মচারী, সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), আরডিসি, জিসিও, এল.এ.ও, উপজেলা নির্বাহী অফিসার ও অতিরিক্ত জেলা প্রশাসক পর্যায়ের কর্মকর্তাদের ভূমি আইন ও ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন ধরনের প্রশিক্ষণের আয়োজন ও বাস্তবায়ন করা;
- ❖ ভূমি মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী এবং সেটেলমেন্ট বিভাগের সহকারী সেটেলমেন্ট অফিসার, উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার, কানুনগোসহ বিভিন্ন পর্যায়ের কর্মচারীদের জন্য ভূমি আইন বিষয়ক প্রশিক্ষণ কোর্সের আয়োজন ও বাস্তবায়ন করা;
- ❖ বাংলাদেশ পুলিশ এর সহকারী পুলিশ সুপার ও অতিরিক্ত পুলিশ সুপারগণের জন্য স্বল্প পরিসরে ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের পরিকল্পনা ও বাস্তবায়ন করা;
- ❖ এছাড়া বিভাগ ও জেলা পর্যায়ে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের উদ্যোগে যথাক্রমে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের তত্ত্বাবধানে বিভাগীয় প্রশাসন ও জেলা প্রশাসনের অধীনে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/উপ-সহকারী ভূমি কর্মকর্তা, নামজারী সহকারী, সার্টিফিকেট সহকারী, সার্ভেয়ার ও অফিস সহকারীসহ সমপর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ১ সপ্তাহ মেয়াদী ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা;
- ❖ ভূমি সংক্রান্ত প্রশিক্ষণ মডিউল চূড়ান্তকরণ, ভূমি ব্যবস্থাপনা ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বিষয়ে কর্মশালা ও সেমিনার আয়োজন করা;
- ❖ ভূমি আইন ও ভূমি ব্যবস্থাপনা বিষয়ে অভিজ্ঞতা বিনিময় ও জ্ঞান আহরণের জন্য প্রশিক্ষণার্থী, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের অনুষদ ও ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধিগণের সমন্বয়ে বিভিন্ন দেশে বিশেষায়িত প্রশিক্ষণের আয়োজন করা;
- ❖ ভূমি ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন পর্যায়ের স্টাফদের কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা।
- ❖ মাঠপর্যায়ে ডিজিটাল ভূমিসেবা বিষয়ে কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স (টিওটি) আয়োজন করা।

১.৬.১ জনবল কাঠামো

সরকারের একজন যুগ্মসচিব পরিচালক পদে প্রতিষ্ঠানের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। এ কেন্দ্রের রাজস্ব খাতে অনুমোদিত জনবল ৪২ জন। যার বিবরণ নিম্নরূপ:

ক্রমিক	পদবি	মোট পদ
০১	পরিচালক	০১
০২	উপ-পরিচালক	০২
০৩	সহকারী পরিচালক	০৫
০৪	প্রকাশনা কর্মকর্তা	০১
০৫	সহকারী প্রোগ্রামার	০১
০৬	হোস্টেল সুপার	০১

ক্রমিক	পদবি	মোট পদ
০৭	সহকারী লাইব্রেরীয়ান	০১
০৮	প্রধান সহকারী	০১
০৯	হিসাব রক্ষক	০১
১০	কম্পিউটার অপারেটর	০১
১১	লাইব্রেরী সহকারী কাম ক্যাটালগার	০১
১২	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	০১

ক্রমিক	পদবি	মোট পদ	ক্রমিক	পদবি	মোট পদ
১৩	নাজির কাম ক্যাশিয়ার	০১	২০	পরিচ্ছন্নতা কর্মী	০১
১৪	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৩	২১	প্লাম্বার কাম পাম্প অপারেটর	০১
১৫	গাড়ী চালক	০১	২২	লিফট ম্যান	০১
১৬	ইলেকট্রিশিয়ান	০১	২৩	বাবুর্চি	০১
১৭	ক্যাশ সরকার	০১	২৪	সহকারী বাবুর্চি	০১
১৮	অফিস সহায়ক	০৬	২৫	ক্লাস এ্যাটেনডেন্ট	০২
১৯	নিরাপত্তা প্রহরী	০৩	২৬	হোস্টেল বয়	০২
				মোট	৪২

সাংগঠনিক কাঠামো বহির্ভূত উপরোক্ত ৪২ জন ছাড়াও বিভিন্ন ক্যাটাগরিতে অর্থ বিভাগ- এর অনুমোদনক্রমে আউটসোর্সিং নীতিমালা-২০১৮ মোতাবেক আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগ প্রদান করা হয়েছে।

১.৬.২ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২২-২০২৩ অর্থ বছরে কর্মরত জনবলের তথ্যাদি

১) কর্মকর্তা: (১ম গ্রেড হতে ১০ম গ্রেড পর্যন্ত)



মোঃ আরিফ

পরিচালক (যুগ্মসচিব)
223362355, 9675534
01550050800
director@latc.gov.bd



জনাব শাহীন আখতার
উপ-পরিচালক (প্রশিক্ষণ)

9675532
01550050801
ddadmin@latc.gov.bd



জনাব ফারহানা করিম
সহকারী পরিচালক (প্রশাসন)

9674431
01550050803
adadmin@latc.gov.bd



জনাব সুলতানা রাজিয়া
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)

9634094
01550050802
ddtraining@latc.gov.bd



জনাব খান এ. সবুর খান
সহকারী পরিচালক (উন্নয়ন ও সেবা)

58610596
01550050804
adds@latc.gov.bd



জনাব কেয়া দেবনাথ
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)

9635301
01550050806
adtraining@latc.gov.bd



জনাব উম্মে হাফসা
সহকারী পরিচালক
(ক্যাফেটেরিয়া ও ডরমিটরী)

9674451, 01550050807
adcafeteria@latc.gov.bd



জনাব মো: শামীম হোসেন
সহকারী
প্রোগ্রামার

01550050813
ap@latc.gov.bd

২) কর্মচারী: (১১তম গ্রেড হতে ১৬তম গ্রেড পর্যন্ত)



জনাব মো: শোহানুর রহমান সোহাগ
সহকারী লাইব্রেরিয়ান
০১৭৫৬৭২১৯১৫



জনাব মইনুর রহমান
প্রধান সহকারী
০১৯১১১৬৬১৬৬



জনাব এস,এম,এ ইউসুফ
হিসাব রক্ষক
০১৫৫০০৫০৮১৫, ০১৬২৭৩৮৫০৮০



জনাব মোসা: কোহিনুর খাতুন
লাইব্রেরী সহকারী-কাম-ক্যাটালগার
০১৭৯৩৯৭২০২৫



জনাব মো: আনিসুর রহমান
কম্পিউটার অপারেটর
০১৭৫১৬৬৯১৯০



জনাব মো: আমিনুল ইসলাম
নাজির কাম-ক্যাশিয়ার
০১৫৫০০৫০৮১৭, ০১৭১১৭৮৮২৬৪



জনাব খুশবু জাহান
সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পি: অপারেটর
০১৭৩৯২০০২৮৪



জনাব সেলিনা আক্তার
অফিস সহকারী কাম কম্পি: মুদ্রাক্ষরিক-১
০১৫৫০০৫০৮১৬



জনাব মো: হাসান সানি
অফিস সহকারী কাম কম্পি: মুদ্রাক্ষরিক-২
০১৩০৩৭৩০৪১৩



জনাব কিশোর ভৌমিক
অফিস সহকারী কাম কম্পি: মুদ্রাক্ষরিক-৩
০১৫৭২১২৪৯৭৪

৩) কর্মচারী: (১৭তম গ্রেড হতে ২০তম গ্রেড পর্যন্ত)



জনাব মো: জহুরুল ইসলাম
ক্যাশ সরকার
০১৭১৬৩৪৮৯৮৭



জনাব মো: আশরাফুল ইসলাম
অফিস সহায়ক
০১৯১৩২৮৫৯১২



জনাব মো: জাহাঙ্গীর আলম
অফিস সহায়ক
০১৮১৬৮২৫০১৩



জনাব মো: রফিকুল ইসলাম
অফিস সহায়ক
০১৭১৭২৪১১৪৭



জনাব মো: কাইয়ুম হোসেন
অফিস সহায়ক
০১৭৯১৯১৯৪১০



জনাব শেখ নিজাম উদ্দিন
নিরাপত্তা প্রহরী
০১৯৬১৬৬৫৩৯৪



জনাব জিল্লুর রহমান
নিরাপত্তা প্রহরী
০১৯১৬২৮৫৪৯৩, ০১৪০০২৮৭৯৯৪



বেগম সালমা বেগম
পরিচ্ছন্নতা কর্মী
০১৭৬৪৫৩৫৩১১, ০১৯৬৪১৩১০৩৮

৪) আউটসোর্সিং কর্মচারী: (১৭তম গ্রেড হতে ২০তম গ্রেড পর্যন্ত)

আউটসোর্সিং পদ্ধতিতে বিভিন্ন ক্যাটাগরিতে নিয়োগকৃত ২৪ জন কর্মচারী কর্মরত আছেন। ২০১৯-২০২০ অর্ধছরে আউটসোর্সিং নীতিমালা ২০১৮ মোতাবেক উন্মুক্ত দরপত্র প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান মীর ট্রেড ইন্টারন্যাশনাল, ৪৪/১ নিউ মার্কেট সিটি কমপ্লেক্স কলেজ এরিয়া, নিউ মার্কেট, ঢাকা চুক্তিপত্র অনুসারে ৫ বছরের জন্য নিম্নবর্ণিত জনবল সরবরাহ করেছে। যা মেয়াদান্তে নবায়নযোগ্য।



জনাব মো: জয়নাল আবেদীন (সবুজ)
বাবুর্চি সেবা
০১৮৮৪৭১৭৭৫৩



জনাব মো: আনোয়ার হোসেন
প্লাম্বার সেবা
০১৭৩৬৩৩৭৬১০



জনাব মো: রফিকুল ইসলাম (উজ্জল)
লিফট ম্যান সেবা
০১৭৬৫৫৫৬৬১৯৪



জনাব মো: আল মাসুদ
ক্লাশ এটেনডেন্ট
০১৭৫১১০৮৩৪২



জনাব মো: হাসিবুল সরদার
ক্লাশ এটেনডেন্ট
০১৭২৫১৭৭৭৯৬



জনাব মো: জহিরুল ইসলাম (সুজন)
সহকারী বাবুর্চি সেবা
০১৮৪৩৭০১১৭১



জনাব মো: আরমান হোসেন
নিরাপত্তা প্রহরী
০১৯৫৪০৯৭৯৪৭, ০১৮৫৬৭৯৯৪১৫



জনাব মো: রাজিব চৌধুরী
হোষ্টেল বয় সেবা
০১৭৮১৮৫৪৮৫৪



জনাব মো: হুমায়ন কবির
ডাইনিং সেবা
০১৯০৭১৩১৪০৫



জনাব মো: আবু বকর
ডাক বিতরণ সেবা
০১৭৮৫৪৮১৯০৮



জনাব মো: উমর ফারুক
পরিবহন সেবা
০১৯১৭৭৮৮০২৭



জনাব মো: মজনু (মিলন)
পরিবহন সেবা
০১৯২৭২২১৭১৮



জনাব মো: মাইনুল ইসলাম
স্যানিটারি মিক্সি
০১৭২৭৮৮৭০৪৩



জনাব সাবিনা ইয়াসমিন
ডাইনিং সেবা
০১৭৮৯৪৪৮৬৯৬



জনাব লিটন চন্দ্র পাল
হোস্টেল বয়
০১৭৩৪৩৭৪১২৬



জনাব নিশান হোসেন
কুকিং সেবা (মশলাচি)
০১৮৩০২২০৭৯৬



জনাব হারুনুর রশিদ
ইলেক্ট্রিক্যাল সংক্রান্ত সেবা
০১৭৫৬৮১৫৪০১



জনাব মো: মেহেদী হাসান
জেনারেটর/পাম্প অপারেটিং সেবা
০১৭৭১২৩৫২৯২



জনাব মো: শাহিন হোসেন
কম্পিউটার ল্যাব এটেনডেন্ট
০১৭৬২৭২৯৫৫৭



জনাব মো: ওয়াসিম খান
এসি মেকানিক
০১৪০০৫৯০৫৪১



জনাব সোহান মাহমুদ সিমান্ত
ইলেক্ট্রিক্যাল সংক্রান্ত সেবা (ইলেক্ট্রিক্যাল হেলপার)
০১৯৫১২৫২৬২৯



জনাব জাকির হোসাইন
পরিষ্কার-পরিচ্ছন্নতা সেবা
০১৭৩৮৭০৯৭৩২



জনাব মো: সিদ্দিকুর রহমান
পরিষ্কার-পরিচ্ছন্নতা সেবা
০১৯৩২৭৮৮৬৮০



জনাবা রোসনা রানী
পরিষ্কার-পরিচ্ছন্নতা সেবা
০১৮৪২৩৮৬৬০০, ০১৯৫৯৫৪১৯৪৮

১.৭ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের (এলএটিসি) অবকাঠামোগত সুযোগ-সুবিধা ও উদ্ভাবনী সেবাসমূহ

১.৭.১. অবকাঠামোগত সুযোগ-সুবিধা

ঢাকা বিশ্ববিদ্যালয়, নিউমার্কেট ও শাহাবাগ এলাকার কাছাকাছি কাটাবন ঢাল এলাকায় ২১.৫৮ শতক জমির উপর ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের নিজস্ব ভবন অবস্থিত। ১২ তলা ফাউন্ডেশন বিশিষ্ট এ ভবনের ১২ তলা পর্যন্ত নির্মাণ

কাজ ২০১৯ সালে শেষ হয়েছে এবং বর্তমানে একটি পরিপূর্ণ প্রতিষ্ঠান হিসেবে এ ভবনে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।



ছবি: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ভবন (১২তলা বিশিষ্ট)



ছবি: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ভবনের মূল গেইট



ছবি: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ভবনের মূল গেটের প্রশিক্ষণার্থীদের সাথে ভূমি সচিব জনাব মো: খলিলুর রহমান ও LATC-র অনুযদবর্গ

১) প্রশিক্ষণ কক্ষ:

এলএটিসি ভবনের ৩য়, ৪র্থ ও ৫ম তলায় ৩টি প্রশিক্ষণ কক্ষ রয়েছে। প্রতিটি প্রশিক্ষণ কক্ষে ৫০ জন প্রশিক্ষণার্থীর আসন ব্যবস্থা রয়েছে।



ছবি: প্রশিক্ষণ কক্ষে ২৯ ও ৩০তম বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্সে প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণে অংশগ্রহণরত।

(২) সম্মেলন কক্ষ:

এলএটিসি ভবনের ২য় তলায় ১টি সম্মেলন কক্ষ রয়েছে। এ সম্মেলন কক্ষে ৬০ জনের বসার ব্যবস্থা রয়েছে।



ছবি: সম্মেলন কক্ষ

৩) ডরমিটরী:

এলএটিসি ভবনের ৫ম, ১০ম, ১১তম ও ১২তম তলায় মোট ৪৩টি ডবল সিট বিশিষ্ট কক্ষ রয়েছে। প্রতিটি কক্ষে ২জন করে মোট ৮৬ জন প্রশিক্ষণার্থীর আবাসিক সুবিধা আছে। প্রতিটি কক্ষ সংযুক্ত বাথরুম এবং নিজস্ব ব্যালকনিসহ আধুনিক আসবাবপত্রে সুসজ্জিত রয়েছে। ডরমিটরির প্রতিটি কক্ষ নিয়মিতভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করা হয় এবং এখানে অবস্থানরত প্রশিক্ষণার্থীদের সার্বিক

নিরাপত্তা নিশ্চিত করার জন্য নিয়মিত তদারকি করা হয়। কেবলমাত্র কেন্দ্রে প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের জন্য এই আবাসন সুবিধা রয়েছে।



ছবি: ডরমিটরীর লবী ও ডরমিটরী কক্ষ

৫) লাইব্রেরি:


এলএটিসি ভবনের ৭ম তলায় একটি লাইব্রেরি রয়েছে যার পুস্তক সংখ্যা প্রায় ছয় হাজার। এখানে ভূমি সংক্রান্ত পুস্তক ছাড়াও অন্যান্য আইন, রাজনীতি, সাহিত্য, ধর্মীয়, আন্তর্জাতিক বিষয়াদি ও অন্যান্য বিষয়ের পুস্তক এবং সাময়িকি রয়েছে।



ছবি: লাইব্রেরী

৬) কম্পিউটার ল্যাব:

এলএটিসি ভবনের ৬ষ্ঠ তলায় ২টি কম্পিউটার ল্যাব রয়েছে। প্রতিটি ল্যাবে ৩০জন করে মোট মোট ৬০জন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ দেওয়ার সক্ষমতা রয়েছে। কম্পিউটার ল্যাবের মাধ্যমে প্রশিক্ষার্থীদেরকে তথ্য ও প্রযুক্তির উপর প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ১২তলা ভবনের প্রতিটি তলায় ওয়াই-ফাই সুবিধা চালু রয়েছে।



ছবি : কম্পিউটার ল্যাব

৭) কর্মশালা/সেমিনার কক্ষ :

এলএটিসি ভবনের ৮ম তলায় ১টি কর্মশালা/ সেমিনার কক্ষ রয়েছে। এখানে ৩৫ জন অংশগ্রহণকারীর আসন ব্যবস্থা রয়েছে।



ছবি : কর্মশালা/সেমিনার কক্ষ

৮) ডাইনিং:

এলএটিসি ভবনের ৪র্থ তলায় মোট ১০০ জন প্রশিক্ষার্থী-এর আসন ব্যবস্থাসহ সার্বিক সুবিধা সম্বলিত উন্নতমানের দুইটি ডাইনিং রয়েছে। এখানে প্রশিক্ষার্থীদের সকালের নাস্তা, দুপুরের খাবার ও রাতের খাবার পরিবেশন করা হয়। খাবার তৈরি থেকে শুরু করে পরিবেশন পর্যন্ত প্রতিটি পদক্ষেপে স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখার ব্যাপারে এলএটিসি কর্তৃপক্ষের সর্বদা সজাগ দৃষ্টি বিদ্যমান। ক্যাফেটেরিয়ায় ব্যুফে সিস্টেমে সেলফ সার্ভিস এর মাধ্যমে খাবার পরিবেশনের ব্যবস্থা করা হয়ে থাকে। পরিবেশনকারীদের জন্য রয়েছে নির্ধারিত পোশাক। এছাড়াও অভ্যন্তরীণ ক্যাফেটেরিয়ায় কর্মরত কর্মচারীদের খাবার প্রস্তুত এবং পরিবেশন বিষয়ক প্রশিক্ষণ এর মাধ্যমে প্রশিক্ষিত করার প্রয়াস চলমান।



ছবি: ডাইনিং কক্ষ

ক্র.নং	ডাইনিং এর নাম	এসি/ নন এসি	ধারণ ক্ষমতা
১	ডাইনিং-০১	এসি	৫০ জন
২	ডাইনিং-০২	এসি	৫০ জন

৯) ব্যায়ামাগার ও বিনোদন কক্ষ:

এলএটিসি ভবনের ৫ম তলায় ও ৯ম তলায় ১টি করে মোট ২টি টেলিভিশন কক্ষ, ৯ম তলায় ২টি ব্যায়ামাগার (মহিলা ও পুরুষ) এবং ইনডোর খেলাধুলার ব্যবস্থা আছে।



ছবি: টেলিভিশন কক্ষ



ছবি: ব্যায়ামাগার



ছবি: ইনডোর গেমস কক্ষ

১০) বঙ্গবন্ধু কর্ণার:

এলএটিসি ভবনের ৭ম তলায় ১টি বঙ্গবন্ধু কর্ণার রয়েছে। সেখানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবন ও আদর্শমূলক বিভিন্ন রকমের বই রয়েছে।



ছবি: বঙ্গবন্ধু কর্ণার

১১) মুক্তিযুদ্ধ কর্ণার:

এলএটিসি ভবনের ৩য় তলায় ১টি মুক্তিযুদ্ধ কর্ণার রয়েছে। সেখানে মুক্তিযুদ্ধ বিষয়ক বিভিন্ন রকমের বই রয়েছে।




ছবি: মুক্তিযুদ্ধ কর্ণার


১.৭.২ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক গৃহীত নতুন নতুন কার্যক্রম ও সেবাসমূহ

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২১-২০২২ অর্থ বছরে অভ্যন্তরীণ সেবা সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও সেবা সহজিকরণের প্রক্রিয়া হিসেবে নিম্নবর্ণিত ২টি কার্যক্রম চালুকরা হয়েছে :-

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন ছুটি ব্যবস্থাপনাঃ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের সিটিজেন চার্টারের প্রতিশ্রুত অভ্যন্তরীণ সেবা সহজিকরণের অংশ হিসেবে নৈমিত্তিক ছুটি ও অর্জিত ছুটি আবেদন, হিসাব হালনাগাদকরণ এবং ছুটি মঞ্জুর প্রক্রিয়া ওয়েব বেইজড অ্যাপ্লিকেশন সফটওয়্যারের মাধ্যমে সম্পাদনের ব্যবস্থা চালু করা হয়েছে।



ই-ডরমিটারি: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে বিভিন্ন কোর্সে মনোনীত প্রশিক্ষার্থীদেরকে ডরমিটারীর সিট বরাদ্দের কার্যক্রম অনলাইনে কোর্স শুরুর পূর্বে সম্পাদনের লক্ষ্যে ই-ডরমিটারী সফটওয়্যার চালু করা হয়েছে। এর ফলে কোর্সে মনোনীত প্রশিক্ষার্থীগণ কোর্সে যোগদানের পূর্বেই রেজিস্ট্রেশনের মাধ্যমে অনলাইনে ডরমিটারীর সিট বরাদ্দ পেয়ে থাকেন। ২০২১-২০২২ অর্থ বছরে উদ্ভাবনী কর্মপরিকল্পনায় একটি ডিজিটাল সার্ভিস বাস্তবায়নের অংশ হিসেবে ই-ডরমিটারী স্থাপন করা হয়েছে।



১.৮ প্রশিক্ষণ কোর্স

১.৮.১ বিভিন্ন প্রশিক্ষণ কোর্স এর তালিকা

ভূমি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বার্ষিক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় কেন্দ্রে বিভিন্ন মেয়াদে ভূমি ব্যবস্থাপনা ও অন্যান্য প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। কোর্সগুলো নিম্নরূপ:

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/এলএ/শিক্ষা) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং বিসিএস পুলিশ ক্যাডারের অতিরিক্ত পুলিশ সুপার পর্যায়ের কর্মকর্তাগণের জন্য “উচ্চতর ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স-১” (মেয়াদ-১ সপ্তাহ, ৩০ টি অধিবেশন)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার গণের জন্য উচ্চতর ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স-২ (মেয়াদ-১ সপ্তাহ, ৩০ টি অধিবেশন)
- ৩। সহকারী কমিশনার(ভূমি)গণের জন্য বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্স (মেয়াদ-৪ সপ্তাহ, ১২০ টি অধিবেশন)।



ছবি: ২০২২-২৩ অর্থ বছরে সহকারী কমিশনার (ভূমি)গণের জন্য আয়োজিত ৩৩তম বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্সের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রশিক্ষনাথীর হাতে সনদ তুলে দিচ্ছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব, ভূমি মন্ত্রণালয় জনাব মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ

- ৪। সিনিয়র সহকারী কমিশনার/আরডিসি/সহকারী কমিশনার ও অন্যান্য দপ্তরের সমপর্যায়ের কর্মকর্তাদের জন্য “ভূমি ব্যবস্থাপনা কোর্স” (মেয়াদ-২ সপ্তাহ, ৬০ টি অধিবেশন)।
- ৫। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা ও অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/ভূমি অধিগ্রহণ কাজে সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের সমপর্যায়ের কর্মকর্তাগণের জন্য ভূমি অধিগ্রহণ কোর্স (মেয়াদ ১ সপ্তাহ, ৩০টি অধিবেশন)।
- ৬। অধিগ্রহণ সংশ্লিষ্ট কানুনগো, সার্ভেয়ার, অফিস সহকারী ও সমপর্যায়ের কর্মচারীগণের জন্য বিশেষ ভূমি অধিগ্রহণ কোর্স (মেয়াদ ১ সপ্তাহ, ৩০টি অধিবেশন)।
- ৭। বাংলাদেশ পুলিশের সিনিয়র সহকারী পুলিশ সুপার/সহকারী পুলিশ সুপার ও পুলিশ পরিদর্শক পদ মর্যাদার কর্মকর্তাদের জন্য বিশেষ ভূমি ব্যবস্থাপনা কোর্স (মেয়াদ ১ সপ্তাহ, ৩০ টি অধিবেশন)।



ছবি: ২০২৩-২৪ অর্থ বছরে সিনিয়র সহকারী পুলিশ সুপার/সহকারী পুলিশ সুপার ও পুলিশ পরিদর্শকদের জন্য আয়োজিত ২য় বিশেষ ভূমি ব্যবস্থাপনা কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রশিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য রাখছেন জনাব মোঃ আমিনুল ইসলাম খান, সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্রমন্ত্রণালয়।

- ৮। কানুনগো, ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা, সার্ভেয়ার, নাজিক-কাম-ক্যাশিয়ার, নামজারী সহকারী ও সমপর্যায়ের কর্মচারীদের জন্য বেসিক কম্পিউটার অ্যাপ্লিকেশনস কোর্স(মেয়াদ ২ সপ্তাহ, ৬০টি অধিবেশন)।
- ৯। কানুনগো, ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা, সার্ভেয়ার, নাজিক-কাম-ক্যাশিয়ার, নামজারী সহকারী ও সমপর্যায়ের কর্মচারীদের জন্য মৌলিক ভূমি ব্যবস্থাপনা কোর্স-০১ (মেয়াদ ২ সপ্তাহ, ৬০টি অধিবেশন)।
- ১০। সহকারী প্রোগ্রামার, কানুনগো, ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তাগণের জন্য প্রশিক্ষক প্রশিক্ষণ (এঃওঃএঃ) কোর্স (মেয়াদ ২ সপ্তাহ, ৬০টি অধিবেশন)।
- ১১। ভূমি মন্ত্রণালয়ের সংযুক্ত অধিদপ্তর/দপ্তরে কর্মরত কর্মচারীগণের জন্য “বিশেষ ভূমি ব্যবস্থাপনা কোর্স-০২” (মেয়াদ-২ সপ্তাহ, ৬০ টি অধিবেশন)।
- ১২। বিভাগ ও জেলা পর্যায়ে ভূমি সহকারী কর্মকর্তা, ভূমি উপ-সহকারী কর্মকর্তা, সার্ভেয়ার, রাজস্ব সহকারী, পেশকার, বেঞ্চ সহকারী এবং সার্টিফিকেট সহকারীসহ সমপর্যায়ের কর্মচারীগণের জন্য “ভূমি ব্যবস্থাপনা কোর্স” (মেয়াদ-১ সপ্তাহ, ৩০ টি অধিবেশন)।
- ১৩। পার্বত্য জেলাসমূহে ভূমি ব্যবস্থাপনায় নিয়োজিত হেডম্যান এবং ভূমি সংশ্লিষ্ট কর্মচারীগণের জন্য “পার্বত্য ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স” (মেয়াদ-১ সপ্তাহ, ৩০ টি অধিবেশন)।
- ১৪। নিয়মিত প্রশিক্ষণ ছাড়াও ভূমি ব্যবস্থাপনার সাথে পরোক্ষভাবে জড়িত প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের কে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুরোধের ভিত্তিতে ভূমি মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনক্রমে ভূমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত বিষয়ে সাক্ষ্যকালীন প্রশিক্ষণ প্রদান করা হয়।

১.৮.২ প্রশিক্ষণ পদ্ধতি

বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরে কর্মরত কর্মকর্তা যারা ভূমি বিষয়ক বিভিন্ন আইন কানুনে অত্যন্ত পারদর্শী এবং মাঠ পর্যায়ে দীর্ঘদিন সরাসরি ভূমি ব্যবস্থাপনা ও জরিপ কাজের সাথে যুক্ত ছিলেন তাঁরা প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করে থাকেন। লেকচার (Powerpoint Presentation),

প্রশ্ন-উত্তর পর্ব, দলীয় আলোচনা, কেস স্ট্যাডি বিশ্লেষণ, রোল-প্লে, ডেমোনস্ট্রেশন, ইত্যাদি Two way communication এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। ভূমি ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরে সংযুক্তি প্রদান ও শিক্ষা সফরের মাধ্যমে ব্যবহারিক প্রশিক্ষণ এর

আয়োজন করা হয়। এছাড়া Zoom apps এর মাধ্যমে ভূমি ব্যবস্থাপনার সাথে জড়িত কর্মকর্তাদের অনলাইনে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। মাঝে মাঝে অভিজ্ঞতা বিনিময়ের জন্য সাক্ষ্য অধিবেশনে সরকারের পদস্থ কর্মকর্তা ও

গুরুত্বপূর্ণ ব্যক্তিত্বদের আমন্ত্রণ জানিয়ে মুক্ত আলোচনার ব্যবস্থা করা হয়। ভূমি সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে কর্মশালা এবং সেমিনারেরও আয়োজন করা হয়।

১.৮.৩ প্রশিক্ষণ মডিউল

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কোর্স: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক বিশেষত: ভূমি প্রশাসনে কর্মরত কর্মচারীদের স্বক্ষমতা বৃদ্ধির জন্য কেন্দ্র, বিভাগ ও জেলা পর্যায়ে বিভিন্ন মেয়াদী প্রশিক্ষণ কোর্স

পরিচালনা করা হয়ে থাকে। এসব কোর্স পরিচালনার জন্য পৃথক পৃথক প্রশিক্ষণ মডিউল রয়েছে। তবে প্রতিবছর সরকারের নির্দেশনা ও যুগের চাহিদা অনুযায়ী মডিউলে কিছু বিষয় নতুনভাবে অন্তর্ভুক্ত করা হয়।

প্রশিক্ষণ কোর্স নং -১: “উচ্চতর ভূমি ব্যবস্থাপনা কোর্স- ১”

মেয়াদ	১ সপ্তাহ (৩০ সেশন)
প্রশিক্ষার্থীর সংখ্যা	৪০ জন
প্রশিক্ষার্থীর পর্যায়	অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) ও সম পর্যায়ের কর্মকর্তাগণ
কোর্সের উদ্দেশ্য	জনগণকে উত্তম সেবা প্রদান এবং সরকারী স্বার্থ রক্ষার জন্য ভূমি সংক্রান্ত সকল আইন, বিধি, ম্যানুয়াল, পরিপত্র ও অন্যান্য বিষয়ে সরকারের সর্বশেষ নির্দেশনা সম্পর্কে কর্মকর্তাদের অবহিতকরণ।

কোর্স কন্টেন্ট

মডিউল-১: ভূমি ব্যবহার নীতিমালা ও ভূমি ব্যবস্থাপনা সম্পর্কে প্রচলিত ভূমি আইন, বিধি ও নীতিমালা		
ক্র.সং	বিষয়	ট্রেনিং মেথড
১	ভূমি ব্যবহার নীতিমালা, ২০০১।	লেকচার
২	ভূমি ব্যবস্থাপনায় ডিজিটাইজেশন, জরিপ কাজে জিপিএস, ইটিএস মেশিনের ব্যবহার।	লেকচার/ ব্যবহারিক
৩	রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন-১৯৫০	ব্রিফিং / গ্রুপ ওয়ার্ক/ প্রজেন্টেশন/ প্রশ্ন উত্তর
৪	প্রজাস্বত্ব বিধিমালা-১৯৫৫।	ব্রিফিং / গ্রুপ ওয়ার্ক/ প্রজেন্টেশন/ প্রশ্ন উত্তর
৫	ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল- ১৯৯০।	লেকচার

মডিউল-২: খাস জমি ও সায়রাত মহাল ব্যবস্থাপনা		
ক্র.সং	বিষয়	ট্রেনিং মেথড
১	খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা : অধিবেশন-১ : কৃষি। অধিবেশন-২ : অকৃষি।	ব্রিফিং / গ্রুপ ওয়ার্ক/ প্রজেন্টেশন/ প্রশ্ন উত্তর
২	সায়রাত মহাল ব্যবস্থাপনা অধিবেশন-১ : হাটবাজার ও জল মহাল সংক্রান্ত আইন ও নীতিমালা। অধিবেশন-২ : বালু মহাল, পাথর মহাল, ঘাট/ফেরীঘাট, চিংড়ি ও লবণ মহাল, চা বাগান ব্যবস্থাপনা।	লেকচার/ ব্যবহারিক/ কেস স্টাডি / প্রশ্ন উত্তর

বিষয়		ট্রেনিং মেথড
৩	প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন-২০০০ এবং খেলার মাঠ, উদ্যান, উন্মুক্ত স্থান সংরক্ষণ।	লেকচার/ ব্যবহারিক
৪	খাস জমি উদ্ধার, সরকারী সম্পত্তির অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম এবং সংশ্লিষ্ট আইন ও নীতিমালা।	লেকচার/ ব্যবহারিক/ কেস স্টাডি

মডিউল-৩: বিশেষ আইনের আওতায় হস্তান্তরকৃত সম্পত্তি ব্যবস্থাপনা		
বিষয়		ট্রেনিং মেথড
১	অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন-২০০১ এবং অর্পিত সম্পত্তি নিষ্পত্তি।	লেকচার
২	ওয়াক্ফ ও দেবোত্তর সম্পত্তির ব্যবস্থাপনা।	লেকচার

মডিউল-৪: উত্তরাধিকার আইন		
বিষয়		ট্রেনিং মেথড
১	<ul style="list-style-type: none"> উত্তরাধিকার আইন। অধিবেশন-১ : মুসলিম আইন। অধিবেশন-২ : হিন্দু এবং অন্যান্য ধর্মীয় আইন। উত্তরাধিকার অ্যাপ ব্যবহার 	লেকচার/ ব্যবহারিক
২	আপিল, রিভিশন, রিভিউ	লেকচার/ ব্যবহারিক/ কেস স্টাডি

মডিউল-৫: ভূমি অধিগ্রহণ		
বিষয়		ট্রেনিং মেথড
১	<p>স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭</p> <ul style="list-style-type: none"> স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ২০ প্রকারের দালিলিক তথ্য সম্পর্কে ধারণা অধিগ্রহণকৃত ভূমির সম্ভাব্যতা যাচাই এবং যৌথ তদন্তের প্রক্রিয়া গণবিজ্ঞপ্তি জারি আপত্তি নিষ্পত্তি এবং শ্রেণী পরিবর্তন চূড়ান্ত অনুমোদন ও মূল্য সংগ্রহ প্রাক্কলন প্রস্তুত রোয়েদাদ প্রস্তুত মিসকেস নিষ্পত্তি প্রক্রিয়া ক্ষতিপূরণ প্রদান দখল হস্তান্তর ও গেজেট প্রকাশ 	লেকচার/ ব্যবহারিক
২	অধিগ্রহণের কারণে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন এবং অধিগ্রহণকৃত ভূমির ব্যবস্থাপনা।	ব্রিফিং/ কেইস স্টাডি/ গ্রুপ ওয়ার্ক/ সিমুলেশন/ প্রেজেন্টেশন/ প্রশ্ন উত্তর

মডিউল-৬: বিবিধ		
বিষয়		ট্রেনিং মেথড
১	রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন-২০১০।	লেকচার
২	ভূমির শ্রেণি বিভাগ ও শ্রেণি পরিবর্তন।	
৩	দারিদ্র বিমোচন কার্যক্রম : আদর্শগ্রাম, আশ্রয়ণ প্রকল্প, গুচ্ছগ্রাম প্রকল্প, ক্লাইমেট ভিকটিমস রিহ্যাবিলিটেশন প্রজেক্ট।	লেকচার/ ব্যবহারিক/ কেস স্টাডি
৪	দেওয়ানী মামলা পরিচালনা ও দফাওয়ারী প্রতিবেদন প্রস্তুত প্রণালী।	লেকচার/ ব্যবহারিক/ কেস স্টাডি
৫	ভূমি বিরোধের উৎস ও স্বরূপ এবং নিষ্পত্তি প্রক্রিয়া (আন্তঃ ব্যক্তি, আন্তঃ মৌজা, আন্তঃ জেলা ও আন্তর্জাতিক)।	লেকচার/ ব্যবহারিক/ কেস স্টাডি
৬	ডিজিটাল পেমেন্ট সিস্টেম	লেকচার/ ব্যবহারিক
৭	ভূমি সেবা সহজীকরণ ও উদ্ভাবনী চিন্তা	লেকচার
৮	রেকর্ড ব্যবস্থাপনা	লেকচার
৯	বেঙ্গল রেকর্ড ম্যানুয়াল ১৯৪৩	লেকচার
১০	দেওয়ানী মামলার কার্যপদ্ধতি	লেকচার/ প্রশ্নোত্তর

মডিউল ৭: ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা		
বিষয়		ট্রেনিং মেথড
১	ভূমি ব্যবস্থাপনা আধুনিকায়নে বাংলাদেশে চলমান কার্যক্রম	লেকচার
২	ই-নামজারী	লেকচার/ ব্যবহারিক
৩	অনলাইন হোল্ডিং ট্যাক্স ও অন্যান্য অটোমেশন কার্যক্রম	লেকচার/ ব্যবহারিক
৪	ই-পার্চা	লেকচার/ ব্যবহারিক
৫	LAMS (Land Administration management system)	লেকচার/ ব্যবহারিক
৬	Land Data Bank	লেকচার/ ব্যবহারিক
৭	কল সেন্টার ১৬১২২	লেকচার/ ব্যবহারিক
৮	মানবসম্পদ ব্যবস্থাপনা। HRMS(Human Resource Management system)	লেকচার/ ব্যবহারিক
৯	IMS / বার্তা	লেকচার/ ব্যবহারিক
১০	Online hearing	লেকচার/ ব্যবহারিক
১১	সিভিলসুট ম্যানেজমেন্ট সিস্টেম	লেকচার/ প্রশ্নোত্তর
১২	<ul style="list-style-type: none"> ➤ Land management automation project ➤ Land zoning Project ➤ Land survey strengthening project ➤ EDLMS(Establishment of Digital Land management system Project) ➤ LSG(Development of Land service Gateway) 	লেকচার/ ব্যবহারিক

মডিউল-৮ : ভূমি ব্যতীত অন্যান্য রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বিষয়		
বিষয়		ট্রেনিং মেথড
১	সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি), ভিশন-২০২১ এবং পারস্পেকটিভ প্ল্যান (পিপি)২০৪১।	লেকচার/ ব্যবহারিক
২	তথ্য অধিকার আইন, ২০০৯।	লেকচার
৩	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)	লেকচার/ ব্যবহারিক
৪	আর্থিক ব্যবস্থাপনা ও ডিডিও এর ক্ষমতা এবং সরকারি ক্রয় আইন ও বিধিমালা।	লেকচার/ ব্যবহারিক
৫	উদ্ভাবনী চিন্তা চেতনা এবং ভূমি ব্যবস্থাপনার সেবা সহজীকরণ।	লেকচার/ ব্যবহারিক
৬	প্রজেক্ট ম্যানেজমেন্ট।	লেকচার/ ব্যবহারিক

মূল্যায়ণ পদ্ধতি:

কোর্সের নাম	কোর্সের সময়কাল	মূল্যায়নের বিষয় ও মান	পূর্ণমান
উচ্চতর ভূমি ব্যবস্থাপনা কোর্স	১ সপ্তাহ	চূড়ান্ত মূল্যায়ণ-	৮০
		শৃঙ্খলা-	১০
		উপস্থিতি-	১০

কোর্স উপদেষ্টা: পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র।

কোর্স পরিচালক: উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং উপ-পরিচালক (প্রশিক্ষণ), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র।

কোর্স সমন্বয়ক: সহকারী পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র।

প্রশিক্ষণ কোর্স নং : ২ “উচ্চতর ভূমি ব্যবস্থাপনা কোর্স”

মেয়াদ	১ সপ্তাহ (৩০ সেশন)
প্রশিক্ষার্থীর সংখ্যা	৪০ জন (প্রতি ব্যাচে)
প্রশিক্ষার্থীর পর্যায়	আরডিসি/ উপজেলা নির্বাহী অফিসার
কোর্সের উদ্দেশ্য	জনগণকে উত্তম সেবা প্রদান এবং সরকারী স্বার্থ রক্ষার জন্য ভূমি সংক্রান্ত সকল আইন, বিধি, ম্যানুয়াল, পরিপত্র ও অন্যান্য বিষয়ে সরকারের সর্বশেষ নির্দেশনা সম্পর্কে কর্মকর্তাদের অবহিতকরণ।

কোর্স কন্টেন্ট

মডিউল-১: ভূমি ব্যবহার নীতিমালা ও ভূমি ব্যবস্থাপনা সম্পর্কে প্রচলিত ভূমি আইন, বিধি ও নীতিমালা		
বিষয়		ট্রেনিং মেথড
১	ভূমি ব্যবহার নীতিমালা, ২০০১।	লেকচার
২	ভূমি ব্যবস্থাপনায় ডিজিটাইজেশন, জরিপ কাজে জিপিএস, ইটিএস মেশিনের ব্যবহার।	লেকচার/ ব্যবহারিক
৩	রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন-১৯৫০	ব্রিফিং / গ্রুপ ওয়ার্ক/ প্রোজেন্টেশন/ প্রশ্ন উত্তর
৪	প্রজাস্বত্ব বিধিমালা-১৯৫৫।	ব্রিফিং / গ্রুপ ওয়ার্ক/ প্রোজেন্টেশন/ প্রশ্ন উত্তর

বিষয়		ট্রেনিং মেথড
৫	ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল- ১৯৯০।	লেকচার

মডিউল-২: খাস জমি ও সায়রাত মহাল ব্যবস্থাপনা		
বিষয়		ট্রেনিং মেথড
১	খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা : অধিবেশন-১ : কৃষি। অধিবেশন-২ : অকৃষি।	রিফিং / গ্রুপ ওয়ার্ক/ প্রেজেন্টেশন/ প্রশ্ন উত্তর
২	সায়রাত মহাল ব্যবস্থাপনা অধিবেশন-১ : হাটবাজার ও জল মহাল সংক্রান্ত আইন ও নীতিমালা। অধিবেশন-২ : বালু মহাল, পাথর মহাল, ঘাট/ফেরীঘাট, চিংড়ি ও লবণ মহাল, চা বাগান ব্যবস্থাপনা।	লেকচার/ ব্যবহারিক/ কেস স্টাডি / প্রশ্ন উত্তর
৩	প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন-২০০০ এবং খেলার মাঠ, উদ্যান, উন্মুক্ত স্থান সংরক্ষণ।	লেকচার/ ব্যবহারিক
৪	খাস জমি উদ্ধার, সরকারী সম্পত্তির অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম এবং সংশ্লিষ্ট আইন ও নীতিমালা।	লেকচার/ ব্যবহারিক/ কেস স্টাডি

মডিউল-৩: বিশেষ আইনের আওতায় হস্তান্তরকৃত সম্পত্তি ব্যবস্থাপনা		
বিষয়		ট্রেনিং মেথড
১	অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন-২০০১ এবং অর্পিত সম্পত্তি নিষ্পত্তি।	লেকচার
২	ওয়ার্কফ ও দেবোত্তর সম্পত্তির ব্যবস্থাপনা।	লেকচার

মডিউল-৪: উত্তরাধিকার আইন		
বিষয়		ট্রেনিং মেথড
১	উত্তরাধিকার আইন। অধিবেশন-১ : মুসলিম আইন। অধিবেশন-২ : হিন্দু এবং অন্যান্য ধর্মীয় আইন। উত্তরাধিকার অ্যাপ ব্যবহার	লেকচার/ ব্যবহারিক
২	আপিল, রিভিশন, রিভিউ	লেকচার/ ব্যবহারিক/ কেস স্টাডি

মডিউল-৫: ভূমি অধিগ্রহণ		
বিষয়		ট্রেনিং মেথড
১	স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ২০ প্রকারের দালিলিক তথ্য সম্পর্কে ধারণা অধিগ্রহণকৃত ভূমির সম্ভাব্যতা যাচাই এবং যৌথ তদন্তের প্রক্রিয়া গণবিজ্ঞপ্তি জারি / আপত্তি নিষ্পত্তি এবং শ্রেণী পরিবর্তন চূড়ান্ত অনুমোদন ও মূল্য সংগ্রহ / প্রাক্কলন প্রস্তুত রোয়েদাদ প্রস্তুত / মিসকেস নিষ্পত্তি প্রক্রিয়া ক্ষতিপূরণ প্রদান / দখল হস্তান্তর ও গেজেট প্রকাশ	লেকচার/ ব্যবহারিক

বিষয়		ট্রেনিং মেথড
২	অধিগ্রহণের কারণে ক্ষতিগ্রস্থদের পুনর্বাসন এবং অধিগ্রহণকৃত ভূমির ব্যবস্থাপনা।	ব্রিফিং/ কেইস স্টাডি/ গ্রুপ ওয়ার্ক/ সিমুলেশন/প্রজেক্টেশন/ প্রশ্ন উত্তর

মডিউল-৬: বিবিধ		
বিষয়		ট্রেনিং মেথড
১	রিয়াল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন-২০১০।	লেকচার
২	ভূমির শ্রেণি বিভাগ ও শ্রেণি পরিবর্তন।	
৩	দারিদ্র বিমোচন কার্যক্রম : আদর্শগ্রাম, আশ্রয়ণ প্রকল্প, গুচ্ছগ্রাম প্রকল্প, ক্লাইমেট ডিকটিমস রিহ্যাবিলিটেশন প্রজেক্ট।	লেকচার/ ব্যবহারিক/ কেস স্টাডি
৪	দেওয়ানী মামলা পরিচালনা ও দফাওয়ারী প্রতিবেদন প্রস্তুত প্রণালী।	লেকচার/ ব্যবহারিক/ কেস স্টাডি
৫	ভূমি বিরোধের উৎস ও স্বরূপ এবং নিষ্পত্তি প্রক্রিয়া (আন্তঃব্যক্তি, আন্তঃমৌজা, আন্তঃজেলা ও আন্তর্জাতিক)।	লেকচার/ ব্যবহারিক/ কেস স্টাডি
৬	ডিজিটাল পেমেন্ট সিস্টেম	লেকচার/ ব্যবহারিক
৭	ভূমি সেবা সহজীকরণ ও উদ্ভাবনী চিন্তা	লেকচার
৮	রেকর্ড ব্যবস্থাপনা	লেকচার
৯	বেঙ্গল রেকর্ড ম্যানুয়াল ১৯৪৩	লেকচার
১০	দেওয়ানী মামলার কার্যপদ্ধতি	লেকচার/ প্রশ্নোত্তর

মডিউল ৭: ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা		
বিষয়		ট্রেনিং মেথড
১	ভূমি ব্যবস্থাপনা আধুনিকায়নে বাংলাদেশে চলমান কার্যক্রম	লেকচার
২	ই-নামজারী	লেকচার/ ব্যবহারিক
৩	অনলাইন হোল্ডিং ট্যাক্স ও অন্যান্য অটোমেশন কার্যক্রম	লেকচার/ ব্যবহারিক
৪	ই-পার্চ	লেকচার/ ব্যবহারিক
৫	LAMS (Land Administration management system)	লেকচার/ ব্যবহারিক
৬	Land Data Bank	লেকচার/ ব্যবহারিক
৭	কল সেন্টার ১৬১২২	লেকচার/ ব্যবহারিক
৮	মানবসম্পদ ব্যবস্থাপনা। HRMS(Human Resource Management system)	লেকচার/ ব্যবহারিক
৯	IMS / বার্তা	লেকচার/ ব্যবহারিক
১০	Online hearing	লেকচার/ ব্যবহারিক
১১	সিভিলসুট ম্যানেজমেন্ট সিস্টেম	লেকচার/ প্রশ্নোত্তর
১২	Land management automation project Land zoning Project Land survey strengthening project EDLMS(Establishment of Digital Land management system Project) LSG(Development of Land service Gateway)	লেকচার/ ব্যবহারিক

মডিউল-৮ : ভূমি ব্যতীত অন্যান্য রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বিষয়

বিষয়	ট্রেনিং মেথড
১ সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি), ভিশন-২০২১ এবং পারস্পেকটিভ প্ল্যান (পিপি)২০৪১।	লেকচার/ ব্যবহারিক
২ তথ্য অধিকার আইন, ২০০৯।	লেকচার
৩ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)	লেকচার/ ব্যবহারিক
৪ আর্থিক ব্যবস্থাপনা ও ডিডিও এর ক্ষমতা এবং সরকারি ক্রয় আইন ও বিধিমালা।	লেকচার/ ব্যবহারিক
৫ উদ্ভাবনী চিন্তা চেতনা এবং ভূমি ব্যবস্থাপনার সেবা সহজীকরণ।	লেকচার/ ব্যবহারিক
৬ প্রজেক্ট ম্যানেজমেন্ট।	লেকচার/ ব্যবহারিক

মূল্যায়ণ পদ্ধতি:

কোর্সের নাম	কোর্সের সময়কাল	মূল্যায়নের বিষয় ও মান	পূর্ণমান	
উচ্চতর ভূমি ব্যবস্থাপনা কোর্স	১ সপ্তাহ	চূড়ান্ত মূল্যায়ণ-	১০০	
		শৃঙ্খলা-		১০
		উপস্থিতি-		১০

কোর্স উপদেষ্টা: পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র।

কোর্স পরিচালক: উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং উপ-পরিচালক (প্রশিক্ষণ), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র।

কোর্স সমন্বয়ক: সহকারী পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র।

প্রশিক্ষণ কোর্স নং : ৩ “বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্স”

মেয়াদ	৫ সপ্তাহ
প্রশিক্ষার্থীর সংখ্যা	৪০ জন (প্রতি ব্যাচে)
প্রশিক্ষার্থীর পর্যায়	সহকারী কমিশনার (ভূমি)
কোর্সের উদ্দেশ্য	সহকারী কমিশনার (ভূমি) দের স্বত্বলিপি প্রণয়ন, জমা খারিজ ও জমা একত্রীকরণের মাধ্যমে খতিয়ান সংশোধন, সিকস্তি পয়স্তি জমির ব্যবস্থাপনা এবং রেকর্ড হালকরণ, সাযরাত মহাল ব্যবস্থাপনা, দেওয়ানী মামলা ব্যবস্থাপনা, সরকারী পাওনা আদায় ব্যবস্থাপনা, অর্পিত সম্পত্তি/ খাস জমি ব্যবস্থাপনা-খাসজমি চিহ্নিতকরণ, অর্পিত সম্পত্তি/ খাসজমি উদ্ধারের পদক্ষেপ গ্রহণ, এল.এ কেইসের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ এবং এই সংক্রান্ত ভূমি ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ হালকরণ করতে হয়। তাই সরকারী স্বার্থ রক্ষার জন্য এই কোর্সের মাধ্যমে ভূমি সংক্রান্ত সকল আইন, বিধি, ম্যানুয়াল, পরিপত্র ও অন্যান্য বিষয়ে সরকারের সর্বশেষ নির্দেশনা সম্পর্কে কর্মকর্তাদের অবহিত করা হয়।

কোর্স কন্টেন্ট

মডিউল ১: ভূমি ব্যবস্থাপনার বিবর্তন, প্রচলিত ভূমি আইন, বিধি, নীতিমালা

বিষয়	ট্রেনিং মেথড
১ ভূমি ব্যবস্থার বিবর্তন ও ভূমি মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তররে সাংগঠনিক কাঠামো এবং কাজ।	লেকচার/কেস স্টাডি/গ্রুপ ওয়ার্ক
২ সহকারী কমিশনার (ভূমি) এর দায়িত্ব ও কার্যাবলি	লেকচার

বিষয়		ট্রেনিং মেথড
৩	রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন - ১৯৫০	লেকচার
৪	প্রজাস্বত্ব বিধিমালা - ১৯৫৫	লেকচার
৫	ভূমি ব্যবহার নীতিমালা, ২০০১	লেকচার
৬	ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল- ১৯৯০	লেকচার
৭	কানুনগো, সার্ভেয়ার ও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার দায়িত্ব ও কার্যাবলি	লেকচার
৮	রেজিস্ট্রেশন এক্ট-১৯০৮	লেকচার

মডিউল ২: রেজিস্টার পরিচিতি, অফিস পরিদর্শন ও প্রতিবেদন		
বিষয়		ট্রেনিং মেথড
১	সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে ও ইউনিয়ন ভূমি অফিসে ব্যবহৃত রেজিস্টারসমূহ হালনাগাদকরণ	লেকচার/ ব্যবহারিক
২	রেকর্ড সংরক্ষণ, বিন্যাস, বিনষ্টকরণ সংশ্লিষ্ট বিধিবিধান।	লেকচার
৩	উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন ও প্রতিবেদন প্রস্তুত পদ্ধতি।	লেকচার/ ব্যবহারিক
৪	বিভিন্ন প্রকার তদন্ত পরিচালনা ও প্রতিবেদন প্রস্তুত পদ্ধতি।	লেকচার/ ব্যবহারিক
৫	ঢাকা শহরের একজন প্রজার/বাসিন্দার একটি পটের (অর্ধাংশ আবাসিক ও অর্ধাংশ বাণিজ্যিক) মিউটেশন হওয়ার পর নতুন মালিকের নামে ১,২,৯ নং রেজিস্টারের ৩টি ফর্ম পূরণ করে ভূমি উন্নয়ন কর নির্ধারণ।	কেস স্টাডি
৬	পরিদর্শন ম্যানুয়াল, ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল ও সচিবালয় নির্দেশমালার আলোকে ১টি উপজেলা ভূমি অফিসের সার্বিক নিরাপত্তা ব্যবস্থাপনা, রেজিস্টার ব্যবস্থাপনা এবং গৃহীত কার্যক্রমের স্বচ্ছতা সম্পর্কে ভূমি অফিস সংযুক্তির সময় পরিদর্শন প্রতিবেদন প্রণয়ন।	কেস স্টাডি

মডিউল ৩: নামজারি, মিসকেস, উত্তরাধিকার আইন		
বিষয়		ট্রেনিং মেথড
১	নামজারী - (জমাভাগ, জমা একত্রীকরণ ও নতুন খতিয়ান সৃজন)	লেকচার/ ব্যবহারিক
২	মামলা সৃজন, আদেশনামা তৈরি, রেজিস্টার হালনাগাদকরণ	লেকচার/ ব্যবহারিক
৩	মিসকেস এর বিধি-বিধান ও পদ্ধতিঃ <ul style="list-style-type: none"> • করণিক ভুল সংশোধন • প্রতারণামূলক লিখন অবলোপন • প্রকৃত ভুল সংশোধন • ভূমির রেকর্ডীয় শ্রেণী পরিবর্তন • আপিল, রিভিউ এবং রিভিশন 	লেকচার/ ব্যবহারিক
৪	ই-মিউটেশন	ব্যবহারিক
৫	১) আবেদনের ভিত্তিতে রেকর্ডের ধারাবাহিকতা থাকা বা না থাকা বিবেচনা এবং দলিলের ধারাবাহিকতার বিষয়ে এসিল্যান্ডের করণীয় সম্পর্কে কেস নথি পর্যালোচনা। ২) রিভিউ কখন, কিভাবে করা যায় সে বিষয়ে বিকল্প উপস্থাপনা সহ এসিল্যান্ডের এখতিয়ার পর্যালোচনাপূর্বক নিষ্পত্তির প্রক্রিয়া সম্বলিত কেস স্টাডি।	কেস স্টাডি

বিষয়	ট্রেনিং মেথড
৩) করণিক ভুল, যথার্থ ভুল, প্রতারণামূলক অন্তর্ভুক্তির ক্ষেত্রে রাজস্ব আদালত এবং দেওয়ানি আদালতের এখতিয়ার কখন কার্যকরী হবে সে বিষয় সম্বলিত কেস স্টাডি।	কেস স্টাডি
৬ উত্তরাধিকারের ভিত্তিতে মিউটেশনে রাজস্ব অফিসারের এখতিয়ার ও করণীয় বিষয়ে আইন ও বিধির ধারা উল্লেখপূর্বক মিউটেশন করার প্রক্রিয়া।	কেস স্টাডি

মডিউল ৪: সরকারি স্বার্থযুক্ত ভূমি ব্যবস্থাপনা	
বিষয়	ট্রেনিং মেথড
১ কৃষি খাসজমি ব্যবস্থাপনা	লেকচার/ ব্যবহারিক
২ বন্দোবস্ত নীতিমালা, কেসনথি সৃজন ও অনুমোদন পদ্ধতি	লেকচার/ ব্যবহারিক
৩ অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনাঃ <ul style="list-style-type: none"> অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন অর্পিত সম্পত্তির লীজ প্রদান পদ্ধতি অর্পিত সম্পত্তির অবমুক্তির পদ্ধতি 	লেকচার/ ব্যবহারিক
৪ পরিত্যক্ত সম্পত্তির ব্যবস্থাপনাঃ <ul style="list-style-type: none"> পরিত্যক্ত সম্পত্তি সংক্রান্ত আইন ও বিধিবিধানসমূহ পরিত্যক্ত সম্পত্তির লীজ প্রদান পদ্ধতি 	লেকচার/ ব্যবহারিক
৫ সিকস্তি ও পয়স্তি সম্পত্তি ব্যবস্থাপনা ও এডিলাইন সৃজন	লেকচার
৬ অবৈধ দখল উচ্ছেদ সংক্রান্ত কার্যক্রম ও কেসনথি সৃজন।	লেকচার/ ব্যবহারিক
৭ সড়ক বিভাগের একটি উচ্ছেদের কেস নথি সৃজন করে ডিসি অফিসের গৃহিত কার্যক্রম আলোচনা ও চূড়ান্ত উচ্ছেদের সময় এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের করণীয় আলোচনা।	লেকচার/ কেস স্টাডি
৮ অন্যান্য সরকারি স্বার্থযুক্ত ভূমি ব্যবস্থাপনাঃ কোর্ট অব ওয়ার্ডস, বনভূমি, ওয়াক্ফ ও দেবোত্তর সম্পত্তি।	লেকচার
৯ <ul style="list-style-type: none"> শিল্প কারখানা স্থাপনে সিলিং অতিক্রম করার বিষয়ে প্রস্তাব প্রণয়ন, তদন্ত, ও নিষ্পত্তির প্রক্রিয়া (ধারাসহ)। কৃষি জমিতে শিল্প-বাণিজ্যিক ব্যবহার, শ্রেণি পরিবর্তনে রাজস্ব বিভাগের করণীয় ধারা ও বিধি। প্রজার অধিকার কখন ও কি কারণে বিলুপ্ত হয়, ভূমি খাসকরণের প্রক্রিয়া ও ধারা- বিধি উল্লেখসহ আলোচনা। নদী সিকস্তি হলে অউ ষরহব টানার প্রক্রিয়া, পয়স্তি হলে জমি দখলে নেয়া, পূর্বতন মালিক/উত্তরাধিকারকে ফেরত দেয়া, খাস রেজিস্ট্রারভুক্ত করে এ জমির ব্যবস্থাপনায় কোন্ পরিস্থিতিতে কোন্ বিকল্প উপযুক্ত বিবেচিত হবে তার কেস স্টাডি। 	লেকচার/ কেস স্টাডি
১০ ভূমিহীন বাছাই এবং নিষ্কন্টক খাসজমি চিহ্নিতকরণপূর্বক কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান প্রক্রিয়ার কেস স্টাডি উপস্থাপনা	লেকচার/ কেস স্টাডি
১১ অকৃষি খাসজমি বন্দোবস্ত প্রদানে রাজস্ব অফিসারের এখতিয়ার পর্যালোচনাপূর্বক একজন বন্দোবস্ত গ্রহীতার বন্দোবস্ত কখন বাতিল করা যাবে এবং বাতিল প্রক্রিয়ার কেস স্টাডি উপস্থাপনা	লেকচার/ কেস স্টাডি
১২ ওয়াক্ফ, দেবোত্তর সম্পত্তি ব্যবস্থাপনা	লেকচার/ কেস স্টাডি

মডিউল ৫: সায়রাত মহাল ব্যবস্থাপনা		
বিষয়		ট্রেনিং মেথড
১	জলমহাল ব্যবস্থাপনা পদ্ধতি	কেসস্ট্যাডি/ লেকচার
২	বালুমহাল ব্যবস্থাপনা পদ্ধতি	কেসস্ট্যাডি/ লেকচার
৩	হাটবাজার ব্যবস্থাপনা পদ্ধতি	কেসস্ট্যাডি/ লেকচার
৪	অন্যান্য সায়রাতমহাল (ফেরীঘাট, খাসপুকুর, খাসমহাল লবন, চিংড়ি, চা বাগান, পাথর মহাল, বনভূমি, রাবার বাগান, বাঁশ মহাল, ইত্যাদি) ব্যবস্থাপনা	কেসস্ট্যাডি/ লেকচার

মডিউল ৬: ভূমি উন্নয়ন কর ও সরকারি পাওনা আদায়		
বিষয়		ট্রেনিং মেথড
১	ভূমি উন্নয়ন করঃ নির্ধারণ ও আদায়	লেকচার/ ব্যবহারিক
২	অনলাইন ভূমি উন্নয়ন কর	ব্যবহারিক
৩	সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ ও সার্টিফিকেট কেস নিষ্পত্তির প্রক্রিয়া (কেস নথি পর্যালোচনা, আদেশনামা তৈরি, ফরমস এর ব্যবহার)	ব্যবহারিক/ কেসস্ট্যাডি
৪	এক ব্যক্তির ঢাকা শহরে বিভিন্ন শৈলির জমির ২ বছরের বকেয়া দাবীর তথ্যসহ রেজিস্টার-২ এর কলাম পূরণপূর্বক দাবী নির্ধারণ এবং দাবী আনাদায়ে রাজস্ব অফিসার কর্তৃক করণীয় কার্যপদ্ধতি উপস্থাপনা।	লেকচার/ কেস স্টাডি
৫	শৈলি পরিবর্তনে মিউটেশন, প্রক্রিয়া আলোচনাপূর্বক ভূমি উন্নয়ন কর পুনর্নির্ধারণ এবং কোন কোন ক্ষেত্রে কর মওকুফ বা হ্রাস হবে সে বিষয়ে পর্যালোচনা ও উপস্থাপনা।	লেকচার/ কেস স্টাডি

মডিউল ৭: ভূমি বিরোধ নিরসন ও দেওয়ানী মামলা ব্যবস্থাপনা, সম্পত্তি হস্তান্তর ও রেজিস্ট্রেশন আইন		
বিষয়		ট্রেনিং মেথড
১	ভূমি বিরোধের উৎস ও প্রতিকার	লেকচার
২	সরকারি স্বার্থ উদ্ধারে সরকার পক্ষে দেওয়ানী মামলা দায়ের এবং সরকারের বিপক্ষে দায়ের হওয়া দেওয়ানী মামলার দফা ওয়ারী জবাব (এস,এফ) প্রস্তুতকরণ	লেকচার / অনুশীলন
৩	রিট পিটিশন, স্থায়ী ও অস্থায়ী নিষেধাজ্ঞা এবং আদালত অবমাননার মামলার ক্ষেত্রে সরকার পক্ষে করণীয় ইত্যাদি।	লেকচার
৪	দেওয়ানী কার্যবিধি, সুনির্দিষ্ট প্রতিকার আইন ও তামাদী আইনের সংশ্লিষ্ট বিধিবিধান।	লেকচার
৫	সম্পত্তি হস্তান্তর আইন অনুসারে বিভিন্ন প্রকার দলিল, কার্যকারিতা ও রেজিস্ট্রেশন প্রক্রিয়া, জাল দলিল চিহ্নিতকরণ	লেকচার
৬	খ.এঃ নোটিশের ভিত্তিতে মিউটেশন করার ক্ষেত্রে প্রচলিত কোন কোন দলিলের বিষয়ে অগ্রসর হওয়ায় রাজস্ব অফিসারের এখতিয়ারে নাই সে বিষয়ে আলোকপাত করে খ.এঃ নোটিশের মাধ্যমে মিউটেশন করার প্রক্রিয়া উপস্থাপনা।	লেকচার/ কেস স্টাডি

মডিউল ৮: ভূমি জরিপ ও অধিগ্রহণ		
বিষয়		ট্রেনিং মেথড
১	সিএস, এসএ, আরএস ও বিআরএস জরিপ ও খতিয়ান পরিচিতি এবং পরতালের মাধ্যমে দাগ খতিয়ান নির্ণয় পদ্ধতি	লেকচার/ ব্যবহারিক

বিষয়		ট্রেনিং মেথড
২	নকশা প্রস্তুতে এস এস ম্যানুয়াল ১৯৩৫ এবং টেকনিক্যাল রুলস ১৯৫৭ এর বিধিসমূহ আলোচনা	লেকচার/ ব্যবহারিক
৩	কড়া, গন্ডা, আনা, ছটাক, একর, বিঘা, শতাংশ, অজুতাংশ হিসাব পদ্ধতি এবং সিএস, এসএ ও আরএস এর ধারাবাহিক সমন্বয়	লেকচার/ ব্যবহারিক
৪	ভূমি জরিপের ধারাবাহিক স্তর ও জরিপকালে সহকারী কমিশনার (ভূমি) এর করণীয়	লেকচার/ ব্যবহারিক
৫	প্রজাস্বত্ব বিধিমালা ১৯৫৫(বিধি ২৬ হতে ৪৪), প্রজাস্বত্ব বিধিমালা ১৯৫৫ এর ২২ ও ২৩ বিধি সংক্রান্ত সর্বশেষ প্রজ্ঞাপন এর প্রয়োগ	লেকচার/ ব্যবহারিক
৬	আন্তঃ জেলা, আন্তঃ থানা, আন্তঃ ইউপি, আন্তঃ মৌজা ও আন্তর্জাতিক সীমানা নির্ধারণ ও বিরোধ নিষ্পত্তি পদ্ধতি।	লেকচার/ ব্যবহারিক
৭	একটি খাসজমি ব্যক্তি নামে রেকর্ড হওয়ার কারণে রেকর্ডের ধারাবাহিকতায় সরকারের স্বার্থের অনুকূল দিকগুলো পর্যালোচনা করা।	কেস স্টাডি
৮	ভূমি অধিগ্রহণ আইন, ২০১৭	লেকচার/ ব্যবহারিক
৯	স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এর ধারাবাহিক কার্যক্রম ও সংশ্লিষ্ট বিধিবিধান	লেকচার/ ব্যবহারিক
১০	অধিগ্রহণ ও প্রাক-অধিগ্রহণকালে সহকারী কমিশনার ভূমির করণীয় এবং অধিগ্রহণকৃত জমির ভূমি উন্নয়ন কর নির্ধারণ ও আদায়	কেস স্টাডি

মডিউল ৯: ভূমি সংস্কার কার্যক্রম

বিষয়		ট্রেনিং মেথড
১	ভূমি সংস্কার অধ্যাদেশ- ১৯৮৪	লেকচার
২	ল্যান্ড জেনিং প্রকল্পের কার্যক্রম ও ডিটেইলড এরিয়া প্লান সম্পর্কিত প্রাথমিক ধারণা	লেকচার/ ব্যবহারিক
৩	জলাধার, খেলার মাঠ ও উন্মুক্ত স্থান সংরক্ষণ আইন	লেকচার/ ব্যবহারিক
৪	দারিদ্র্য বিমোচন কার্যক্রম : <ul style="list-style-type: none"> • গুচ্ছগ্রাম প্রকল্প • আদর্শ গ্রাম প্রকল্প • আশ্রয়ণ প্রকল্প • ক্লাইমেট ভিকটিমস রিহ্যাবিলিটেশন প্রজেক্ট। 	লেকচার
৫	রিয়াল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০	লেকচার/ ব্যবহারিক

মডিউল ১০: পার্বত্য ভূমি ব্যবস্থাপনা

বিষয়		ট্রেনিং মেথড
১	পার্বত্য চট্টগ্রাম রেগুলেশন, ১৯০০ এবং এ আইনে ভূমি সংক্রান্ত বিধান; পার্বত্য ভূমি ব্যবস্থাপনায় সার্কেল চীফ, হেডম্যান ও কারবারীর ভূমিকা। খাজনা এবং জুমকর নির্ধারণ ও আদায়।	লেকচার
২	ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন আইন, ২০০১ ও বিরোধ নিষ্পত্তি কার্যক্রম এবং পার্বত্য ভূমির জরিপ ও রেকর্ড অব রাইটস তৈরি এবং পার্বত্য জেলার হাট বাজার ব্যবস্থাপনা এবং পার্বত্য ভূমি অধিগ্রহণ আইন, ১৯৫৮ এবং অধিগ্রহণ প্রক্রিয়া।	লেকচার

মডিউল ১১: ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা		
বিষয়		ট্রেনিং মেথড
১	ভূমি ব্যবস্থাপনা আধুনিকায়নে বাংলাদেশে চলমান কার্যক্রম	লেকচার/ ব্যবহারিক
২	ই-নামজারী	লেকচার/ ব্যবহারিক
৩	অনলাইন হোল্ডিং ট্যাক্স ও অন্যান্য অটোমেশন কার্যক্রম	লেকচার/ ব্যবহারিক
৪	ই- পর্চা	লেকচার/ ব্যবহারিক
৫	LAMS (Land Administration management system)	লেকচার/ ব্যবহারিক
৬	Land Data Bank	লেকচার/ ব্যবহারিক
৭	কল সেন্টার ১৬১২২	লেকচার/ ব্যবহারিক
৮	মানবসম্পদ ব্যবস্থাপনা । HRMS(Human Resource Management system)	লেকচার/ ব্যবহারিক
৯	IMS / বার্তা	লেকচার/ ব্যবহারিক
১০	Online hearing	লেকচার/ ব্যবহারিক
১১	সিভিলসুট ম্যানেজমেন্ট সিস্টেম	লেকচার/ ব্যবহারিক
১২	<ul style="list-style-type: none"> ➤ Land management automation project ➤ Land zoning Project ➤ Land survey strengthening project ➤ EDLMS(Establishment of Digital Land management system Project) ➤ LSG(Development of Land service Gateway) 	লেকচার/ ব্যবহারিক

মডিউল ১২: বিবিধ		
বিষয়		ট্রেনিং মেথড
১	ভূমির শ্রেণি বিভাগ ও শ্রেণি পরিবর্তন ।	লেকচার/ ব্যবহারিক
২	সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি), ভিশন ২০৪১ এবং পারস্পেকটিভ প্লান (পিপি) ।	লেকচার/ ব্যবহারিক
৩	অফিস ব্যবস্থাপনা	লেকচার/ ব্যবহারিক
৪	ভূমি বিষয়ক আর্থিক ব্যবস্থাপনা, রাজস্ব অডিট ও অডিট আপত্তি নিষ্পত্তি, সহকারী কমিশনার (ভূমি) অফিসের বাজেট ব্যবস্থাপনা ।	লেকচার/ ব্যবহারিক
৫	তথ্য অধিকার আইন, ২০০৯ ।	লেকচার/ ব্যবহারিক
৬	সরকারি ক্রয় নীতিমালা (পিপিআর) এবং ডিডিও এর ক্ষমতা	লেকচার/ ব্যবহারিক
৭	ভূমি অফিসে দুর্নীতি; এর কারণ, প্রতিকার ও প্রতিরোধ ।	লেকচার/ ব্যবহারিক
৮	ভূমি সেবা সহজীকরণ এবং উদ্ভাবনী চিন্তা চেতনা ।	লেকচার/ ব্যবহারিক
৯	বেংগল রেকর্ড ম্যনুয়াল, ১৯৪৩	লেকচার/ ব্যবহারিক

মূল্যায়ণ পদ্ধতি:

কোর্সের নাম	কোর্সের সময়কাল	মূল্যায়নের বিষয় ও মান	পূর্ণমান
বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্স	৫ সপ্তাহ	ক্লাস টেস্ট (৪টি)	৪০
		মাঠ সংযুক্তি কার্যক্রম উপস্থাপন (একক)-(১টি)	১০
		মাঠ সংযুক্তি কার্যক্রম উপস্থাপন (দলীয়)-(১টি)	১০
		অ্যাসাইনমেন্ট (একক)	১০
		ক্লাস অ্যাসেসমেন্ট অ্যাসাইনমেন্ট-	১০
		তাৎক্ষণিক মূল্যায়ণ-	২০
		শৃঙ্খলা-	১০
		উপস্থিতি-	১০
		চূড়ান্ত মূল্যায়ণ-	৮০
			২০০

কোর্স উপদেষ্টা: পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র।

কোর্স পরিচালক: উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং উপ-পরিচালক (প্রশিক্ষণ), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র।

কোর্স সমন্বয়ক: সহকারী পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র।

প্রশিক্ষণ কোর্স নং : ৪

মেয়াদ

২ সপ্তাহ

অধিবেশন

৬০ টি

প্রশিক্ষণার্থীর পর্যায়

সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার ও সমপর্যায়ের অন্যান্য দপ্তরের কর্মকর্তা

মডিউল- ১: ভূমি ব্যবস্থার বিবর্তন, ভূমি আইন, বিধি ও নীতিমালা।

- ভূমি ব্যবস্থার বিবর্তন এবং বিদ্যমান ভূমি সংশ্লিষ্ট আইন ও বিধি।
- ভূমি মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তরের সাংগঠনিক কাঠামো এবং কার্যাবলী।
- ৩-৪। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন - ১৯৫০ : অধিবেশন- ১: ধারা: ০১- ৭৮।
- ৫। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন - ১৯৫০ : অধিবেশন- ২: ধারা: ৭৯- ১৫২।
- ৬। প্রজাস্বত্ব বিধিমালা- ১৯৫৫।
- ৭। ভূমি ব্যবহার নীতিমালা, ২০০১।
- ৮। প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ এবং বালু ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০।
- ৯। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল- ১৯৯০।

মডিউল- ২: খাস জমি ও সায়রাত মহাল ব্যবস্থাপনা।

- খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা অধিবেশন- ১: কৃষি
- খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা অধিবেশন- ২: অকৃষি
- ৩। The Sairat Mahals (Management) Ordinance, ১৯৫৯ এবং সায়রাত মহাল ব্যবস্থাপনা।
- ৪। (ক) The Hats and Bazars (Establishment and Acquisition) Ordinance, 1959
